২৬। হে প্রভু, ভারতের মহিলাদের শক্তিশালী প্রার্থনার জীবন দাও। তোমাকে ধন্যবাদ দিই যে অতিমারী চলাকালীন অসংখ্য মহিলারা ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনার নেটওয়ার্কে অংশগ্রহণ করেছিল। (ইফি ৬:১৮)

২৭। হে পিতা, কম্বোডিয়ান মহিলাদের বিশ্বাসে বৃদ্ধি দাও যেহেতু তারা তোমার ভালোবাসা গ্রহণ করতে এবং তোমার উপর নির্ভর করতে শিখছে। (ইব্রীয় ১১:৬)

২৮। হে ঈশ্বর, ইন্দোনেশিয়ার মধ্যে তহবিল গড়ে তুলতে সাহায্য করো যাতে পরিচর্যাটির ফলো-আপ দলটি শ্রোতাদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলতে পারে এবং তোমাতে বিশ্বাসে এবং তোমার সম্পর্কে জ্ঞানে বৃদ্ধি লাভ করতে সাহায্য করতে পারে। (২ থিষ ১:৩)

২৯। হে প্রভু, চীনে পাচার হওয়া অগণিত মহিলা এবং বালিকাদের গভীর আরোগ্য এবং পুনরুদ্ধারের জন্য আমরা প্রার্থনা করি। এই মন্দ কাজের পরিসমাপ্তির জন্য ধার্মিক নেতাদের গড়ে তোলো। (যিরমিয় ৩০:১৭)

৩০। হে ঈশ্বর, শিশুসহ ভিয়েতনামের গরীব মায়েদের শক্তি দাও যেহেতু তাদের ঘরের কাজ, বাচ্চাদের দেখাশোনা এবং রান্না করার সঙ্গে সঙ্গে তাদের পরিবার চালানোর জন্য বাইরে কাজ করতে যেতে হয়। (যিশাইয় ৪০:৩১)

৩১। হে পিতা,মঙ্গোলিয়ার একক মহিলারা যেন তাদের শক্তি ও প্রজ্ঞার জন্য তোমার প্রতি দৃষ্টিপাত করে। তাদের সমস্ত বোঝাগুলি তোমার উপর নামিয়ে দিতে এবং তোমার মধ্যে আশা খুঁজে পেতে তাদের উৎসাহিত করো। (গীত ৫৫:২২)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে বিভিন্ন অঞ্চলে বন্যার পানি বেড়ে যাওয়াতে অনেক মানুষ তাদের বাড়ী ছেড়ে ডাঙ্গায় আশ্রয় নিয়েছে। প্রার্থনা করবেন যেন বাংলার মানুষ যেন এই কষ্টের মাঝেও আশা নিয়ে দিন পার করতে পারে এবং অনাহারে কষ্ট না পায়।

২। বাংলাদেশে অনেক মহিলা ও যুবতী মেয়েরা সেক্সট্রাফিকিং (Sextrafficking) এর ফাঁদে পরে জীবনে কাল অধ্যায় নেমে আসছে। প্রার্থনা করবেন যেন সেই সমস্থ মেয়েরা যেন সাধারণ জীবনে ফিরে আস্তে পারে।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope
## Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।




**2022. 08.**

এশিয়ান মহিলাদের জন্য প্রার্থনা

যীশুকে অনুসরণ করার ক্ষেত্রে কঠিনতম ৫০টি দেশের মধ্যে ইন্দোনেশিয়া একটি দেশ। আশাময়ী নারী অনুষ্ঠান শ্রোতাদের ঈশ্বরের বাক্য শুনতে সাহায্য করে। ভারতের মহিলাদের জন্য প্রার্থনা করবেন যারা কুসংস্কারাচ্ছন্ন, নেপালের মহিলারা যারা জোরপূর্বক পতিতাবৃত্তি, ধর্ষণ এবং বহুবিবাহের শিকার হন, ফিলিপাইনের গ্রামীণ এলাকার মহিলারা যারা গার্হস্থ্য সহিংসতা এবং অর্থনৈতিক প্রতিবন্ধকতার শিকার এবং কম্বোডিয়ান মহিলাদের জন্য যারা সহিংসতার সম্মুখীন হয়, শিক্ষা এবং কর্মসংস্থান অসুবিধার মধ্যে আছে।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১।হে প্রভু, জাপানী লোকদের পশ্চাতে ধরে রাখা অবিশ্বাসের শৃঙ্খল ভগ্ন করো। সেখানকার মণ্ডলী যেন নির্ভীকভাবে সুসমাচার প্রচার করতে পারে, এবং উদ্দীপনা ও পরিত্রাণের জন্য লোকদের হৃদয় যেন আন্দোলিত হতে পারে। (যিশাইয় ৫৫:৬-৭)

২।হে ঈশ্বর, নেপালের প্রত্যেকটি জেলায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি সম্প্রচার করার জন্য এফএম স্টেশনের ব্যবস্থা করার বিষয়ে আমরা প্রার্থনায় যোগদান করি। (ফিলিপীয় ৪:৯)

৩।হে প্রভু, তুমি আমাদের তোমার আরাধনা এবং সেবা করার জন্য তোমার কন্যারূপে অভিহিত করেছো। তোমার নামে পরিচর্যা করার জন্য ধার্মিকা ফিলিপিনো মহিলাদের তৈরী করো। (গীত ১০০:২)

৪। স্বর্গীয় পিতা, মঙ্গোলিয়া, চীন, তাইওয়ান এবং হংকংয়ে ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলগুলিকে চালনা করার জন্য তোমার মনোনীত মহিলাদের পাঠিয়ে দাওয়ার বিষয়ে আমরা প্রার্থনা করি। (যিরমিয় ৬:৮)

৫। পবিত্র ঈশ্বর, ভারতের ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর প্রত্যেকটি লিপিলেখক বা চিত্রনাট্যকার, উপস্থাপনকারীর মধ্যে দিয়ে কাজ করো। মহিলাদের তোমার কাছে আনতে পরিচালিত করার জন্য তাদের দানগুলি এবং প্রতিভাগুলি ব্যবহার করো। (১ পিতর ৪:১০)

৬। হে প্রভু, কম্বোডিয়ান তরুণ তরুণীদের সেই সমস্ত লোকদের হাত থেকে রক্ষা কর যারা তাদের মাদকদ্রব্য বিক্রি করার জন্য ব্যবহার করে। এই শিক্ষার্থীরা যেন বুঝতে পারে যে মাদক দ্রব্যগুলি তাদের মন এবং ভবিষ্যৎ ধ্বংস করে দেবে; পরিবর্তে তারা যেন তাদের শিক্ষার উপর মনোযোগ দেয়। (২ থিষলনীকীয় ৩:৩)

৭।কোভিড-১৯ অতিমারী চলাকালীন ইন্দোনেশিয়ার মহিলাদের উপর শারীরিক,মানসিক এবং যৌন হিংস্রতার হার বৃদ্ধি পেয়েছে। হে পিতা, এই মহিলাদের তোমার মধ্যে পরিত্রাণ, আরোগ্য এবং আশা খুঁজে পেতে সাহায্য কর। (২ করিন্থীয় ৯:৮)

৮। হে ঈশ্বর, মান্দারীনে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি এখন শর্টওয়েভ এবং ডিজিটাল রেডিওতে সম্প্রচারিত হচ্ছে, তার জন্য আমরা তোমার প্রশংসা করি। অনেক চীনা লোকেরা এই অনুষ্ঠানগুলি শোনে এবং তারা যীশুকে বিশ্বাস করে এবং তাঁর উপর আশা রাখে। (১ করিন্থীয় ১৫:৩)

৯। হে প্রভু, ভিয়েৎনামের প্রতি ৩ জনের মধ্যে ১ জন মহিলারা তাদের স্বামীদের দ্বারা শারীরিক, মানসিক অথবা যৌন হিংস্রতার অভিজ্ঞতা লাভ করে, তুমি তাদের সুরক্ষা করো এবং আরোগ্য দান করো। (গীত ১০৭:১৯-২১)

১০। হে প্রভু, সিঙ্গাপুরের মহিলারা তাদের কাজের এবং পরিবারের দায়িত্বগুলি সামলানোর বিষয় সংগ্রাম করে, তাদের শক্তি এবং দৃঢ় সংকল্প দান করার জন্য আমরা প্রার্থনা করি। (গীত ২৮:৭)

১১।হে পিতা, মঙ্গোলিয়ার মাদকশক্তদের শক্তঘাঁটি ভগ্ন করো। এই আসক্ত ব্যক্তিদের স্বাধীন কর এবং তাদের চাকরীর ব্যবস্থা করে দাও যাতে তারা কাজ করতে পারে এবং তাদের পরিবারগুলিকে সাহায্য করতে পারে। (গীত ১০৭:১৪)

১২।হে পিতা, জাপানী শিশুদের অতিমারীর সময় ভয় এবং বিচ্ছিন্নতা থেকে সুরক্ষা করো। অনুগ্রহ করে তাদের অসুস্থতা থেকে দূরে রাখো এবং তাদের কাছে সুসমাচার প্রচার করার জন্য লোক পাঠিয়ে দাও। (গীত ৯১:৬)

১৩।হে ঈশ্বর যেহেতু নেপালে ট্রান্স ওয়ার্ল্ড রেডিওর স্বাক্ষরতা প্রশিক্ষণ চলছে, সেহেতু আমরা প্রার্থনা করি যাতে অংশগ্রহণকারীরা বাইবেল পাঠ করতে, লিখতে এবং ব্যাঙ্ক অ্যাকাউণ্টে স্বাক্ষর করতে পারে। (রোমীয় ৩:১২)

১৪। হে পিতা, তুমি আমাদের আরোগ্যদাতা!হিংস্রতার অভিজ্ঞতা লাভকারী ফিলিপিনো মহিলাদের হৃদয়ের ক্ষতসকল আরোগ্য করো। তারা যেন তাদের সমাজগুলিতে মর্যাদা, সম্মান এবং পুনরুদ্ধার লাভ করে। (গীত ৫১:১৭)

১৫।হে প্রভু, আমরা ২৫,০০০ মহিলদের জন্য প্রার্থনা করি যারা উত্তর কোরিয়া থেকে দক্ষিণ কোরিয়ায় চলে এসেছে। সরকারী কল্যাণমূলক নীতিগুলি এবং বিশ্বাসীরা যেন উত্তমরূপে এই মহিলাদের সেবা করতে পারে। (গীত ১৪৬:৯)

১৬। হে পিতা, তুমি সেই সমস্ত মহিলাদের জীবন রূপান্তরিত করো যেহেতু আশাময়ী নারী অনুষ্ঠানগুলি ২০২২ সালের এপ্রিল মাস থেকে উড়িয়া, গুজরাটী এবং তামিল ভাষায় তারা দেখতে পাচ্ছে। (২ করি ৩:১৮)

১৭।হে ঈশ্বর, কম্বোডিয়ায় ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী পরিচর্যা কার্যকে বৃদ্ধি দাও। অসংখ্য মহিলারা যেন এই অনুষ্ঠানগুলির এবং পরিচর্যাটির মাধ্যমে তোমাকে জানে এবং অনুসরণ করতে পারে। (গীত ২৫:৫)

১৮। ইন্দোনেশিয় মহিলারা দারিদ্রের মধ্যে বাস করে, অর্থের অভাবে তারা উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা পায় না। অনেক মহিলারা জরায়ু এবং স্তনের ক্যানসারের মত মারাত্মক স্বাস্থ্য সমস্যাগুলির সম্মুখীন হয়েছে। হে প্রভু, যারা এই রোগে আক্রান্ত হয়েছে তাদের কাছে এর প্রতিবিধান আনো এবং তাদের আরোগ্য দান করো। (যিরমিয় ১৭:১৪)

১৯। হে পিতা, আমরা প্রার্থনা করি যে চীন দেশে একটি-শিশু নীতি সমাপ্ত হওয়ার পর, গর্ভপাত এবং জন্মের পরেই কন্যা সন্তানকে হত্যা করার বিষয়গুলিও যেন ক্ষান্ত হয়। (গীত ১৩৯:১৩-১৬)

২০। অনেক ভিয়েৎনামী দরিদ্র শিশুরা তাদের পরিবারের জন্য অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্কুল ছেড়ে দেয়। এই শিশুরা যেন সাহায্য পায় এবং ভালো শিক্ষা গ্রহণ করতে পারে।(গীত ১০৭:৯)

২১। হে স্বর্গীয় পিতা, আমরা প্রার্থনা করি যেন জাপানের গর্ভবতী মহিলারা এবং যারা তাদের সন্তানদের পালন করছে তারা যেন তাদের পরিবারগুলি থেকে এবং সরকারের কাছ থেকে প্রয়োজনীয় সাহায্য পায় কিন্তু এর সঙ্গে তারা যেন সুসমাচারও শোনে এবং গ্রহণ করে। (গীত ৭১:৬)

২২।মঙ্গোলিয়ার অনেক মহিলারা চাকরীর খোঁজে তাদের ঘর ছেড়ে শহরগুলিতে চলে যাচ্ছে। এই মহিলাদের ভালো চাকরীর ব্যবস্থা করে দাও এবং তাদের কর্মদাতার দ্বারা সমস্ত রকমের অনিষ্টের হাত থেকে তাদের রক্ষা করো। (গীত ২৩)

২৩। হে ঈশ্বর, নেপালে যে মহিলারা যীশুকে অনুসরণ করছে তাদের শান্তি, শক্তি এবং যা কিছু প্রয়োজন তার জোগান দাও। কয়েকজন তাদের অবিশ্বাসী স্বামীদের দ্বারা অত্যাচারিত হচ্ছে অথবা তাদের ঘর থেকে লাথি মেরে বের করে দেওয়া হচ্ছে। (১ পিতর ৩:১৪)

২৪। হে প্রভু, ফিলিপাইনের একক মহিলাদের টিকিয়ে রাখো এবং সান্ত্বনা দাও যারা তাদের সন্তানদের প্রয়োজনগুলি পূরণ করার জন্য কঠোর পরিশ্রম করে। তাদের সন্তানদের শাসন করার জন্য এবং পরিচালনা করার জন্য তাদের প্রজ্ঞা দাও। (যিশাইয় ৪১:১০)

২৫। হে ঈশ্বর, কোরিয়া বিভক্ত হওয়ার ফলে পরস্পর পৃথক হয়ে যাওয়া পরিবারগুলিকে সান্ত্বনা দেওয়ার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি। ব্যক্তিগতভাবে অথবা পত্রের মাধ্যমে তারা যেন পুনরায় একসঙ্গে যুক্ত হতে পারে তার জন্য আমরা প্রার্থনা করি। (২ করি ১৩:১১)